



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বাঙালী জাতির বাতিঘর ও কাভারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

-শিক্ষামন্ত্রী, ডা: দীপু মনি এমপি

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ সেপ্টেম্বর ২০২০।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা একজন সংগ্রামী মানুষ। তাঁর পুরোটা জীবনই সংগ্রামের। বহু ত্যাগ তিতিক্ষার মাধ্যমে তিনি আজকের এ পর্যায়ে এসেছেন। শৈশব থেকে কৈশর, কৈশর থেকে পারিবারিক জীবন এর প্রতিটি পদে পদে সংগ্রাম করে দুঃখ বেদনাকে সাথে নিয়ে প্রধানমন্ত্রী তাঁর জীবনের এ পথকে পাড়ি দিচ্ছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর অসমাপ্ত কাজকে সমাপ্ত করার দৃঢ় প্রত্যয় নিয়ে স্বমহিমায় আবির্ভূত হয়ে দূরদর্শী নেতৃত্বের মাধ্যমে বাংলার মানুষের ভাগ্যের পরিবর্তনে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। তাঁর বলিষ্ঠ ও সাহসী নেতৃত্বের কারণে বাংলাদেশ বিশ্বের রোল মডেল। তিনি আমাদের বাঙালী জাতির বাতিঘর ও কাভারি। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র ৭৪ তম জন্মদিন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হল আয়োজিত ভার্চুয়াল আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী ডা: দীপু মনি এমপি এ কথাগুলো বলেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো: মাহবুব হোসেন। সভায় সভাপতিত্ব করবেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড.মো. ছাদেকুল আরেফিন। সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, শুরু থেকেই বিভিন্ন প্রতিকূল পরিবেশে ত্যাগ তিতিক্ষা স্বীকার করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেড়ে উঠেছেন। ১৯৭৫ এর ১৫ই আগস্ট পরবর্তী বাংলাদেশ আওয়ামীলীগের দুঃসময়ে দলের কাভারি হিসেবে হাল ধরে ১৯৯৬ সালে তিনি বাংলাদেশ আওয়ামীলীগকে পুনরায় ক্ষমতায় নিয়ে আসেন এবং মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে পরিচালনা করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতিকে সোনার বাংলা গড়ার যে স্বপ্ন দেখিয়েছিলেন তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশে বিচারহীনতার যে সংস্কৃতি গড়ে উঠেছিল তা তিনি দূর করেছেন। প্রধানমন্ত্রী দেশকে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী করে সারা বিশ্বের কাছে বাঙালি জাতিকে একটি সম্মানজনক স্থানে পৌঁছে দিয়েছেন। নতুন প্রজন্মের কাছে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন রোল মডেল। উপাচার্য মহোদয় প্রধানমন্ত্রীর জন্মদিনে তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হল আয়োজিত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ৭৪তম জন্মদিন উপলক্ষে ভার্চুয়াল আলোচনা সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষকমণ্ডলী, দপ্তর প্রধানগন, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা যুক্ত ছিলেন। ভার্চুয়াল এ আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন শেখ হাসিনা হলের প্রভোস্ট, চিন্ময়ী পোদ্দার। সভায় আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, শেখ হাসিনা হলের শিক্ষার্থী সৈয়দা মাহফুজা মিস্ট্রি ও কাজী মোহসিনা তামান্না। উক্ত আলোচনা সভাটি ফেইসবুক লাইভের মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস